অধ্যক্ষের কার্যালয়

**চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।**

বিজ্ঞপ্তি নং-৭৮ তারিখ: ০৫/০৬/২০২৪ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস)-১ম বর্ষে নিয়মিত কোর্সে ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে প্রাথমিক আবেদন গ্রহণ করা হচ্ছে।

| | |
|---|---|
| ডিগ্রি (পাস) কোর্সে আবেদনের কোর্সসমূহ: | বি.এ, বি.এস.এস, বি.এসসি ও বি.বি.এস (পাস) |
| ভর্তির প্রাথমিক আবেদনের তারিখ: | ০৫/০৬/২০২৪ তারিখ বিকাল ৪:০০টা থেকে ৩০/০৬/২০২৪ তারিখ রাত ১২:০০টা পর্যন্ত। |
| মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ : | ০৫/০৬/২০২৪ তারিখ হতে ৩০/০৬/২০২৪ তারিখ পর্যন্ত। |
| ভর্তির প্রাথমিক আবেদন ফি: | ৩০০/- (তিনশত টাকা) মাত্র। |

আবেদনের যোগ্যতা:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোনো শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোনো শাখা থেকে ২০১৯/২০২০/২০২১ সালের SSC ও সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) নূন্যতম জিপিএ ২.০ এবং ২০২১/২০২২/২০২৩ সালের HSC ও সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) নূন্যতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি (ভোকেশনাল) ২। এইচ.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) ৩। ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উপরের অনুচ্ছেদ ক-এর বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন পদ্ধতি ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি : প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Degree Pass Tab-এ প্রবেশ করে Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়, পাশের সন ও একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষথেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষাসহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজের নাম চাঁদপুর সরকারি কলেজের কোড- ৩৯০১ Select করলে সংশ্লিষ্ট কলেজে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তি যোগ্য কোর্স সমূহের নাম দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থীত কোর্স নির্ধারণ করতে হবে। পরবর্তী পর্যায়ে আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120 x 150 Pixels,Image Type:Jpg এবং Maximum File Size: 50Kb. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি Download করে A4 (8.5’’X 11’’) অফসেট কাগজে (Print) নিয়ে শিক্ষার্থীর ভবিষ্যত প্রয়োজনে নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

ভর্তির প্রাথমিক আবেদন ফি প্রদান পদ্ধতি: ১। অনলাইনে আবেদনের পর https://chandpurcollege.eshiksaems.com প্রবেশ করে User Name: cgcstudent & Password: cgcstudent দিয়ে লগইন করতে হবে। তারপর Apply For Application Form অপশনে ক্লিক করে Group:Admission Degree সিলেক্ট করে NU Admission Roll লিখে Student Name সঠিক ভাবে লিপিবদ্ধ করে Submit বাটন ক্লিক করতে হবে। তারপরে বিকাশ/নগদ/উপায় এর মাধ্যমে নিম্নেবর্ণিত উপায়ে ফি পরিশোধ করতে পারবে।

২। বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে এডুকেশন ফি (Education Fee) অথবা পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে অনলাইনে প্রাথমিক আবেদন ফরমের Admission Roll (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে Month-June-24 Select করে আবেদন ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে Payment সম্পন্ন করতে হবে।

**উল্লেখ্য যে, মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে আবেদন ফি জমাদানের পর রশিদসহ আবেদনের কপি কলেজ অফিসে জমা দেওয়ার প্রয়োজন নেই, তবে ভবিষ্যত প্রয়োজনে শিক্ষার্থী নিজের কাছে সংরক্ষণ করবে।**

০১/০৭/২০২৪ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ০২/০৭/২০২৪ তারিখের মধ্যে কলেজের হটলাইন নম্বর: ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে ২:০০টা পর্যন্ত) যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস)-১ম বর্ষে কোনো ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। শিক্ষার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধাক্রম নির্ধারণ করে ফলাফল প্রকাশ করা হবে।

ফলাফল প্রকাশের পর আবেদনকারী মোবাইল Message এর মাধ্যমে SMS (nu<space>atdg<space>roll no টাইপ করে 16222 নম্বরে Send করে ফলাফল জানতে পারবে।)

০৫/০৬/২০২৪
(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৪। কলেজ নোটিশ বোর্ড।
৫। অফিস নথি।